বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

তারিখ: জুন ১০, ২০২৪
জ্যৈষ্ঠ ২৭, ১৪৩১

এফই সার্কুলার নম্বর: ১১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়গণ,

**বৈদেশিক মুদ্রায় 'প্রবাস স্কিমে' প্রেরিত মাসিক জমার বিপরীতে প্রণোদনা/নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ এর ২৬ মে, ২০২৪ তারিখে প্রেরিত পত্র নং- ০৭.০১.০০০০.০৩.০৯৯.১০.১৯-১২১ আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্তি: ০১ (এক) পাতা

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সরোয়ার হোসেন)
পরিচালক (এফইপিডি)
ফোনঃ ৯৫৩০১২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
মনিটরিং সেল
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mof.gov.bd

নং-০৭.০১.০০০০.০৩.০৯৯.১০.১৯-১২১

তারিখ: ১২ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ / ২৬ মে ২০২৪ খ্রি:

**বিষয়: বৈদেশিক মুদ্রায় 'প্রবাস স্কিমে' প্রেরিত মাসিক জমার বিপরীতে প্রণোদনা/নগদ সহায়তা প্রদান।**

সূত্র: বাংলাদেশ ব্যাংকের স্মারক নং এফইপিডি(এলডিএ)/১৪৭(১)/২০২৪-১৪৯০; তারিখ: ১০ মার্চ, ২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রোল্লিখিত পত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, 'প্রবাস স্কিম' এর বিপরীতে জমাকৃত চাঁদা বৈদেশিক মুদ্রায় পরিশোধিত হলে (অর্থাৎ প্রেরিত হলে) সরকার ঘোষিত নির্ধারিত হারে (বকেয়াসহ) রেমিট্যান্স প্রণোদনা/নগদ সহায়তা নিম্নোক্ত শর্ত সাপেক্ষে প্রদান (বকেয়াসহ) করা যাবে-

ক) 'প্রবাস স্কিম' গ্রহীতা সরাসরি 'প্রবাস স্কিম'-এর নির্ধারিত হিসাব/একাউন্টে বিদেশ হতে বৈদেশিক মুদ্রায় অর্থ প্রেরণ করলে চাঁদাপ্রদানকারীদের (রেমিটার) প্রেরিত চাঁদার বিপরীতে রেমিট্যান্স প্রণোদনা প্রদান করা যেতে পারে যা রেমিট্যারের নিজস্ব ব্যাংক একাউন্টে প্রদেয় হবে;

খ) বাংলাদেশের অভ্যন্তর হতে দেশীয় মুদ্রায় চাঁদা প্রেরণ করা হলে তিনি রেমিট্যান্স প্রণোদনা সুবিধা প্রাপ্য হবেন না।

২। এমতাবস্থায়, এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Yusuf
26/5/2024

(ড. মোহাম্মদ আবু ইউছুফ)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ২২৩৩৫৬৩৫৯
মোবাইল: ০১৯৭১-৫০৭০২৪
ma_yusuf@hotmail.com

গভর্নর
বাংলাদেশ ব্যাংক
মতিঝিল, ঢাকা
(দৃ:আ: পরিচালক, বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ)